

২০২৩

ষষ্ঠ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : DSE-A-4

[তুলনামূলক সাহিত্য]

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যে, প্রবন্ধে ও সাহিত্য সমালোচনায় কালিদাসের অনুষ্ণু বারবার স্থান করে নিয়েছে। — কয়েকটির উল্লেখ করে প্রসঙ্গটি আলোচনা করো। ১০

অথবা,

- (খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে জয়দেবের প্রভাব কীভাবে পরিলক্ষিত হয়, তা উদাহরণসহ দেখাও। ১০

- ২। (ক) বাংলা নাটকের সূচনালগ্নে (উনিশ শতকের দ্বিতীয়ার্ধে) নাট্যরচনা ও মঞ্চভাবনায় শেক্সপিয়রের প্রভাব সম্পর্কে লেখো। ১০

অথবা,

- (খ) বিশ শতকের প্রথমার্ধের বাঙালি কবিদের উপর কবি টি. এস. এলিয়টের প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১০

- ৩। (ক) হিন্দি ও অসমিয়া সাহিত্যে রবীন্দ্র প্রভাব বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ১০

অথবা,

- (খ) শরৎচন্দ্র ও মুন্সী প্রেমচাঁদের সাহিত্য ভাবনার একটি তুলনামূলক আলোচনা করো। ১০

- ৪। (ক) রবীন্দ্রনাথের প্রকৃতিচেতনায় কালিদাসের প্রভাব সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫

অথবা,

- (খ) জয়দেব সম্পর্কে বঙ্কিমচন্দ্রের ভাবনার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

- ৫। (ক) উনবিংশ শতকের বাংলা সনেট রচনায় শেক্সপিয়রের প্রভাব কতখানি, তা দেখাও। ৫

অথবা,

- (খ) বিষ্ণু দে'র চিত্রকল্প রচনায় কবি টি. এস. এলিয়টের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

Please Turn Over

৬। (ক) মরাঠি সাহিত্যে রবীন্দ্রনাথের প্রভাব সম্পর্কে সংক্ষেপে লেখো।

৫

অথবা,

(খ) গ্রামজীবনের রূপায়ণের ক্ষেত্রে শরৎচন্দ্র ও প্রেমচাঁদের দৃষ্টিভঙ্গির তুলনামূলক আলোচনা করো।

৫

৭। যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো।

৫×১

(ক) অভিজ্ঞানশকুন্তলম্

(খ) দ্য ওয়েস্টল্যান্ড

(গ) অভাগীর স্বর্গ

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) কালিদাসের দু'টি মহাকাব্যের নাম লেখো।

(খ) 'আমি যদি জন্ম নিতেম কালিদাসের কালে'— এটি কোন কবিতার অংশ?

(গ) শকুন্তলা-র দুই সখী চরিত্রের নাম লেখো।

(ঘ) 'গীতগোবিন্দম্' কাব্য ক'টি সর্গে বিভক্ত?

(ঙ) 'অস্তিবিলাস' শেক্সপিয়ার-এর কোন নাটকের ভাবানুবাদ?

(চ) ডানকান শেক্সপিয়ার-এর কোন নাটকের চরিত্র?

(ছ) জ্যোতিরিন্দ্রনাথের কোন নাটকে শেক্সপিয়ার-এর 'এ মিডসামার নাইটস্ ড্রিম' নাটকের ছায়াপাত ঘটেছে?

(জ) টি. এস. এলিয়টের 'জার্নি অব দ্য ম্যাজাই' কবিতাটি অনুবাদ করেছেন এমন একজন বাঙালি কবির নাম লেখো।

(ঝ) টি. এস. এলিয়টের 'ফোর কোয়ার্টেট'-এর একজন বাঙালি অনুবাদক কবির নাম লেখো।

(ঞ) মহাদেবী বর্মার 'চিনী ফেরিওয়ালা' গল্পের সঙ্গে রবীন্দ্রনাথের কোন বিখ্যাত ছোটগল্পের মিল খুঁজে পাওয়া যায়?

(ট) রবীন্দ্রনাথের 'চোখের বালি' উপন্যাসটি হিন্দিতে কী নামে অনূদিত হয়েছে?

(ঠ) আসামের কোন কবি নিজেকে 'ভানুনন্দন' আখ্যা দিয়েছেন?

(ড) হিন্দি সাহিত্যের একজন 'ছায়াবাদী' কবির নাম লেখো।

(ঢ) মনুষ্যের প্রাণীকে নিয়ে লেখা প্রেমচন্দ্রের একটি গল্পের নাম লেখো।

(ণ) শরৎচন্দ্রের একটি রাজনৈতিক উপন্যাসের নাম লেখো।